



পশ্চিমবঙ্গ সরকার

শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের করণ
রানাঘাট - ১ নং, সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
১ নং সুভাষ এভিনিউ, ছোটোবাজার, রানাঘাট, নদীয়া, ৭৪১২০১

বিজ্ঞপ্তি নং:-২৪২/আই.সি.ডি.এস/আর-১

তারিখ:-০১/১০/২০১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাইতেছে যে, রানাঘাট - ১ নং মেইন সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকা পদের নিযুক্তির জন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের নিকট হইতে নিম্নলিখিত শর্তে নির্দিষ্ট আবেদনপত্র আহ্বান করা হইতেছে। এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছাসেবামূলক এবং এই পদে নিযুক্ত কর্মী এবং সহায়িকা কোনোমতেই সরকারি কর্মী রূপে গণ্য হইবেন না। কেবলমাত্র হবিবপুর, নপাড়া, তারাপুর, আনুলিয়া, পায়রাডাঙ্গা গ্রাম পঞ্চায়েত ও রানাঘাট পৌরসভা এর স্থায়ী বাসিন্দারা (কর্মী পদের ক্ষেত্রে) শূন্য পদের জন্য আবেদন করিতে পারবেন। সহায়িকা পদের ক্ষেত্রে শূন্যপদ অনুযায়ী কেবলমাত্র নিজ নিজ গ্রাম পঞ্চায়েত ও পৌরসভা এর স্থায়ী বাসিন্দা হইতে হইবে। এই নিয়োগ নারী ও শিশু বিকাশ ও সমাজ কল্যাণ বিভাগের আদেশনামা নং 288-SW dated 25.01.2006, 2043 dated 18.07.2006, 6003-SW dated 14.09.2012, 3104-SW dated 19.09.201, 4040-SW dated 20.12.2013 এবং 5047-SW dated 03.07.2019 অনুযায়ী হইবে।

- ১) অঙ্গনওয়াড়ি কর্মী শূন্য পদের সংখ্যা :- ০২ এবং অঙ্গনওয়াড়ি সহায়িকা শূন্য পদের সংখ্যা:- ০৭। পদের সংখ্যা পরিবর্তনযোগ্য।
- ২) সংরক্ষন :- সরকারী আদেশানুসারে ১০০ পয়েন্ট রোটর অনুযায়ী শূন্য পদের সংখ্যা সংরক্ষিত। পদের সংখ্যা পরিবর্তন হইলে শূন্যপদের সংখ্যা পরিবর্তন হইবে। (G.O.No.50-Emp/1M-25/98, Dtd.01/03/2011)

সম্ভাব্য শূন্যপদ অনুযায়ী সংরক্ষন

ক) অঙ্গনওয়াড়ি কর্মী :-

| সাধারণ | তপ: জাতি | তপ: উপজাতি | ওবিসি-এ | ওবিসি- বি | প্রতিবন্ধী(সাধারণ) | মোট |
|--------|----------|------------|---------|-----------|--------------------|-----|
| | ০১ | | | ০১ | | ০২ |

খ) অঙ্গনওয়াড়ি সহায়িকা :-

| গ্রামপঞ্চায়েত এর নাম | সাধারণ | তপ: জাতি | তপ: উপজাতি | ওবিসি-এ | ওবিসি- বি | প্রতিবন্ধী(সাধারণ) | মোট |
|-----------------------|--------|----------|------------|---------|-----------|--------------------|-----|
| হবিবপুর | | | ০১ | ০২ | | | ০৩ |
| তারাপুর | ০১ | | | | | | ০১ |
| আনুলিয়া | ০১ | | ০১ | | | | ০২ |
| পায়রাডাঙ্গা | ০১ | | | | | | ০১ |
| মোট | ০৩ | | ০২ | ০২ | | | ০৭ |

- ৩) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা:- অঙ্গনওয়াড়ি কর্মী পদের ক্ষেত্রে সরকার অনুমোদিত বোর্ড হইতে মাধ্যমিক বা সমতুল্য উত্তীর্ণ। (সাধারণ, তপ: জাতি, তপ: উপজাতি ও অন্যান্য সকলের ক্ষেত্রে)। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকিলেও আবেদন করা যাইবে। অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের ক্ষেত্রে অষ্টম শ্রেণী উত্তীর্ণ। উক্ত পদের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন করিতে হইবে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের মধ্যে।
- ৪) বয়স:- ০১-১০-২০১৯ তারিখে ১৮ বৎসর হইতে ৪৫ বৎসর।
- ৫) পরীক্ষা :- লিখিত পরীক্ষা ৯০ নম্বর এবং মৌখিক পরীক্ষা ১০ নম্বর।
- ৬) ক) মাতৃভাষায় ১৫০ শব্দের মধ্যে একটি রচনা (অষ্টম শ্রেণীর মানের)- ১৫ নম্বর
 - খ) পাটিগনিত (অষ্টম শ্রেণী মানের) - ২০ নম্বর
 - গ) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর অবস্থান - ১৫ নম্বর
 - ঘ) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (অষ্টম/নবম শ্রেণী মানের) ইত্যাদি - ২০ নম্বর
 - ঙ) সাধারণ জ্ঞান :- ২০ নম্বর
- ৭) আবেদন পত্রের নমুনানুযায়ী নিজ স্বাক্ষরিত আবেদন পত্র সরাসরি প্রকল্প আধিকারিকের করণে জমা দিতে হইবে। প্রকল্প আধিকারিকের করণে আবেদন পত্রের নমুনা দেখিতে পাওয়া যাইবে।

-: আবেদন পত্রের সহিত প্রদেয় প্রমানপত্রের বিবরণ :-

- ক) ৪ টি নিজ স্বাক্ষরিত সাম্প্রতিকতম রঙিন পাসপোর্ট ফটো। একটি আবেদনপত্রে আঠা দিয়ে আটকাতে হইবে, বাকি তিনটি টাকার ডাকটিকিট লাগানো খামের ডানদিকে নিজের বসবাসের ঠিকানা লিখিয়া তাহার ভিতরে দিতে হইবে।
- খ) গ্রেজেটেড অফিসার দ্বারা প্রত্যায়িত করা অথবা স্বপ্রত্যায়িত মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্র (Admit Card), শংসাপত্র (Certificate) ও মূল্যায়ন পত্র (Mark sheet) এর প্রতিলিপি [উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকি উক্ত নথি প্রদান করবেন।
- গ) বয়সের প্রমানঃ- মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) অথবা শংসাপত্র (Certificate) বা জন্ম প্রমাণপত্র (Birth Certificate) এর প্রতিলিপি।
- ঘ) গ্রেজেটেড অফিসার দ্বারা প্রত্যায়িত অথবা স্বপ্রত্যায়িত করা উপযুক্ত কর্তৃপক্ষের প্রদেয় জাতিগত প্রমানপত্র (Caste Certificate) এর প্রতিলিপি।
- ঙ) উপযুক্ত কর্তৃপক্ষের প্রদেয় বাসস্থানের প্রমানপত্র (Residential Certificate)
- চ) গ্রেজেটেড অফিসার দ্বারা প্রত্যায়িত করা অথবা স্বপ্রত্যায়িত আধার কার্ডের (Aadhar Card) প্রতিলিপি।
- ছ) গ্রেজেটেড অফিসার দ্বারা প্রত্যায়িত অথবা স্বপ্রত্যায়িত ভোটার কার্ডের (EPIC) প্রতিলিপি।
- জ) গ্রেজেটেড অফিসার দ্বারা প্রত্যায়িত অথবা স্বপ্রত্যায়িত প্রতিবন্ধী শংসাপত্র এর প্রতিলিপি।

দরখাস্ত জমা দেওয়ার তারিখ :- ০১/১০/২০১৯ হইতে ২৫/১০/২০১৯ (সরকারী ছুটি বাদে ১২.০০পি.এম হইতে ৩.৩০পি.এম)

- * এই নিযুক্তি সম্পর্কে বিশদ বিবরণ প্রকল্প আধিকারিকের কার্যালয়ে পাওয়া যাইবো।কোনো তথ্য ভুল বা অসংগত দিলে উপরিউক্ত শর্ত লঙ্ঘন করিলে আবেদনপত্র বাতিল বলিয়া গন্য করা হইবে এবং এই বিষয়ে কোনো কারন দর্শানো হইবে না। পরীক্ষা উপস্থিত হইবার জন্য গাড়ীভাড়া বা কোনো খরচ পাওয়া যাইবে না।
- * এই নিযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু বিকাশ ও সমাজ কল্যান বিভাগের আদেশনামা প্রযোজ্য। উপরিউক্ত পরীক্ষা পদ্ধতি মাধ্যমে যাহারা নিযুক্ত হইবেন তাহাদের কার্যকাল শেষের বয়সসীমা (Age limit for discontinuation/termination) ৬৫ বছর।
- * লিখিত পরীক্ষায় অন্তত ৩০ নম্বর পাইলে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন ও শূন্যপদের সংখ্যার ১:১ অনুপাতে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হইবে। লিখিত পরীক্ষায় পাশ করিলেও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকিলে সেই প্রার্থী অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন। মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোনো নূন্যতম যোগ্যতা নির্ধারক নম্বর থাকিবে না। লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধাতালিকা (merit list) প্রস্তুত হইবে।
- * আবেদনপত্রের খামের ওপরে কোন পদের জন্য আবেদন করছেন, কোন প্রকল্পের জন্য আবেদন করছেন, গ্রাম পঞ্চায়েত/মিউনিসিপালিটি / প্রজ্ঞাপিত অঞ্চল নাম অবশ্যই লিখবেন।

বিজ্ঞপ্তি নং:-২৪২/(১/২৮)/আই.সি.ডি.এস/আর-১

তারিখ:-০১/১০/২০১৯

জ্ঞাতার্থে ও প্রচারের উদ্দেশ্যে প্রেরিত হইল :-

- ১) শিশু কল্যান অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার।
- ২) যুগ্ম সচিব, শিশুবিকাশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।
- ৩) মাননীয় শ্রীমতি মল্লয়া মৈত্র, সদস্য কৃষ্ণনগর লোকসভা কেন্দ্র এবং চেয়ারম্যান ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি, নদীয়া।
- ৪) মাননীয় সভাপতি, নদীয়া জেলাপরিষদ।
- ৫) মাননীয় জেলাশাসক, নদীয়া।
- ৬) মাননীয় অতিরিক্ত জেলাশাসক (জেলাপরিষদ) নদীয়া।
- ৭) মাননীয় শ্রী শঙ্কর সিং, বিধায়ক এবং ভাইস চেয়ারম্যান ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি, নদীয়া।
- ৮) মাননীয় মহকুমা শাসক, রানাঘাট মহকুমা, নদীয়া।
- ৯) জেলা প্রকল্প আধিকারিক, আই.সি.ডি.এস, নদীয়া।
- ১০) জেলা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক, নদীয়া (অন্তত দুটি স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ করিবার জন্য অনুরোধ করা হইল।)
- ১১) সমষ্টি উন্নয়ন আধিকারিক, রানাঘাট ১ নং ব্লক।
- ১২) সভাপতি, রানাঘাট ১ নং পঞ্চায়েত সমিতি।
- ১৩) ব্লক স্বাস্থ্য আধিকারিক, রানাঘাট ১ নং ব্লক।
- ১৪) কর্মাধ্যক্ষ, শিশু, নারী উন্নয়ন ও জাগ, রানাঘাট ১ নং পঞ্চায়েত সমিতি।

১৫-২৪) প্রধান (সব).....।

২৫-২৭) পৌরপিতা/চেয়ারম্যান, রানাঘাট/বীরনগর পৌরসভা / তাহেরপুর প্রজ্ঞাপিত অঞ্চল।

২৮) গার্ড ফাইল।

শিশুবিকাশ প্রকল্প আধিকারিক
রানাঘাট - ১ নং সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প

প্রতি : শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
রানাঘাট - ১ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
রানাঘাট , নদীয়া

বিষয় :- অঙ্গনওয়াড়ি কর্মী / সহায়িকা পদের জন্য আবেদন পত্র

মহাশয়,

বিনীত নিবেদন এই যে ,আপনার প্রকল্পের বিজ্ঞপ্তি নং/আই.সি.ডি.এস./আর-১ ,তারিখ:-
০১/১০/২০১৯ অনুসারে আমি আপনার প্রকল্পে অঙ্গনওয়াড়ি কর্মী / সহায়িকা পদের জন্য আবেদন করিতে ইচ্ছুক।
আমার প্রয়োজনীয় তথ্য বিবেচনার জন্য বর্ণিত হইল :-

| | | |
|---|-----------------------------|-----------|
| কোন প্রকল্পের জন্য আবেদন করিতে ইচ্ছুক (রানাঘাট-১ মেইন / রানাঘাট-১ অতিরিক্ত):- | | |
| কোন পদের জন্য আবেদন করিতে ইচ্ছুক (অঙ্গনওয়াড়ি কর্মী / অঙ্গনওয়াড়ি সহায়িকা):- | | |
| আবেদনকারীর নাম :- | বাংলায় লিখুন :- | |
| | IN ENGLISH :- (CAPITAL) | |
| পিতা /স্বামীর নাম :- | | |
| স্থায়ী বসবাসের ঠিকানা :- | গ্রাম / ওয়ার্ড নং:- | |
| | পোষ্ট:- | থানা:- |
| | জেলা:- | পিন কোড:- |
| | পঞ্চায়েত/মিউনিসিপ্যালিটি:- | রাজ্য:- |
| বর্তমান বসবাসের ঠিকানা :- | গ্রাম / ওয়ার্ড নং:- | |
| | পোষ্ট:- | থানা:- |
| | জেলা:- | পিন কোড:- |
| | পঞ্চায়েত/মিউনিসিপ্যালিটি:- | রাজ্য:- |
| জন্ম তারিখ :- | ভোটার কার্ড নং:- | |
| প্রতিবন্ধকতার ধরণ:- (যদি প্রতিবন্ধী হন) | প্রতিবন্ধী হলে কার্ডের নং:- | |
| আধার কার্ড নং:- | | |
| মোবাইল নং:- | | |
| শিক্ষাগত যোগ্যতা:- | জাতি:- | |

আপনার সাম্প্রতিক
রঙীন
পাসপোর্ট ছবি

উপরের বর্ণিত তথ্যের প্রয়োজনীয় প্রমানপত্র সংযোজিত করা হলাএতদ্বারা আমি ঘোষণা করিতেছি
যে,উপরিউক্ত তথ্য মিথ্যা প্রমানীত হইলে আইনত পদক্ষেপের জন্য আমি দায়ি থাকিবো ও আমার প্রার্থীপদ বাতিল
বলিয়া গন্য হইলে আমার কোন দাবি থাকিবে না।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

প্রশাসন কার্যালয়ের জন্য

আবেদন পত্র নং:-..... তারিখ:-.....

আবেদন পত্র গৃহীত হইল

আবেদনকারীর নাম:-

ভারপ্রাপ্তের স্বাক্ষর ও তারিখ